

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪২৩৯

আগরতলা, ১৫ ডিসেম্বর, ২০২৩

কাঞ্চনমালা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে  
পানীয়জল বিশুদ্ধকরণ প্রকল্পের উদ্বোধন

ডুকলি রাকের কাঞ্চনমালা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে গতকাল এক অনুষ্ঠানে নবনির্মিত পানীয়জল বিশুদ্ধকরণ প্রকল্পের উদ্বোধন করা হয়েছে। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি হরিদুলাল আচার্য এই পানীয়জল বিশুদ্ধকরণ প্রকল্পের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, জেলার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে পানীয়জল বিশুদ্ধকরণ প্রকল্প চালু করা হচ্ছে। এজন্য ব্যয় হয়েছে ২ লক্ষ ১৫ হাজার ৬৭৩ টাকা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডুকলি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পরমা বর্মণ, কাঞ্চনমালা পঞ্চায়েতের উপপ্রধান যতন সরকার ও সমাজসেবী প্রদীপ কুমার মজুমদার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কাঞ্চনমালা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের আধিকারিক ডা. ঈষিতা সিনহা।

\*\*\*\*\*